

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৭০

১/ বিবিধ

আরবী

لا يخرف قارئ القرآن موضوع

ذكره السيوطي في " ذيل الأحاديث الموضوعة " (ص 25) وتبعه ابن عراق فأورده في " تنزيه الشريعة " (36 / 2) من طريق أبي نعيم وهذا في " أخبار أصبهان " (2 / 343) أنبأنا لاحق بن الحسين حدثنا خيثمة بن سليمان حدثنا عبيد بن محمد حدثنا محمد بن يحيى بن جميل حدثنا بكر بن السرور حدثنا يحيى بن مالك عن أنس عن أبيه عن الزهري عن أنس رفعه، ورواه الديلمي (4 / 190) ورواه ابن عساكر في " تاريخه " عن الزهري عن أنس رفعه، ورواه الديلمي (4 / 190) ورواه ابن عساكر في " تاريخه " (18 / 1 / 2) من طريق أبي نعيم وغيره، أخبرنا لاحق به، ثم قال السيوطي: قال في " الميزان ": لاحق كذاب، وروى عنه أبو نعيم في " الحلية " وغيرها مصائب، وقال في " اللسان ": قال الإدريسي: يضع الحديث على الثقات، ولعله لم يخلق في الكذابين مثله، وقال ابن السمعاني: كان أحد الكذابين وضع نسخا لا يعرف أسماء رواتها وقال ابن النجار: مجمع على كذبه.

قلت: ومع هذا كله فقد سود به السيوطي كتابه " الجامع الصغير "! وبيض له المناوي في " شرحيه "

ورواه عبد الرحمن بن نصر الدمشقي في " الفوائد " (2 / 226 / 2) عن الشعبي من قوله وسنده ضعيف، فلعله أصل الحديث، رفعه بعض الكذبة



وقد وجدت له طريقا أخرى بنحوه وهو (الأتي)

বাংলা

২৭০। কুরআন পাঠকারী বার্ধক্য জনিত কারণে বিকৃত মস্তিষ্ক হবে না।

হাদীসটি জাল।

এটিকে সুয়ৃতী "যায়লু আহাদীসিল মাওযু আহ" গ্রন্থে (পৃঃ ২৫) উল্লেখ করেছেন এবং তার অনুসরণ করে ইবনু আররাক "তানীহুশ শারীয়াহ" গ্রন্থে (২/৩৬) আবূ নু'য়াইম সূত্রে বর্ণনা করেছেন। এটি "আখবারু আসবাহান" গ্রন্থেও (২/৩৪৩) লাহেক ইবনুল হুসাইন-এর বর্ণনায় ... এসেছে।

দাইলামী (৪/১৯০) এবং ইবনু আসাকির তার "আত-তারীখ" গ্রন্থে (১৮/১/২) আবূ নু'য়াইম ও অন্য একটি সূত্রের বরাতে বর্ণনা করেছেন। এটির সনদে লাহেক ইবনুল হুসাইন নামক এক বর্ণনাকারী আছেন। সুয়ূতী বলেনঃ যাহাবী "আল-মীযান" গ্রন্থে বলেছেনঃ লাহেক মিথ্যুক। তার থেকেই আবু নু'য়াইম "আল-হিলইয়াহ" গ্রন্থে উল্লেখ করেছেন।

"লিসানুল মীযান" গ্রন্থে ইবনু হাজার বলেনঃ ইদরীসী বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীস জাল করতেন। সম্ভবত মিথ্যুকদের মধ্যে তার মত কাউকে সৃষ্টি করা হয়নি। ইবনুস সামায়ানী বলেনঃ তিনি ছিলেন মিথ্যুকদের একজন। এমন একটি কপি জাল করেছেন, যার বর্ণনাকারীদের নাম জানা যায় না। ইবনুন নাজ্জার বলেনঃ তিনি মিথ্যুক হওয়ার ব্যাপারে সকলেই একমত পোষণ করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এতো কিছু বলার পরেও সুয়ূতী হাদীসটি উল্লেখ করার দ্বারা "জামেউস সাগীর" গ্রন্থকে কালিমালিপ্ত করেছেন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন